

নির্বাহী প্রকৌশলীর কার্যালয়	
গণপূর্ত ই/এম বিভাগ-২, ঢাকা।	
ক্রমিক নং	তারিখ
২২১৭	২০/০৬/২৪
ক্রমিক নং	তারিখ
ক্রমিক নং	তারিখ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
প্রধান প্রকৌশলীর কার্যালয়  
গণপূর্ত অধিদপ্তর,  
পূর্ত ভবন, সেগুনবাগিচা, ঢাকা  
ফোন-৯৫৬২৭৯৫, ফ্যাক্স-৮৮-০২-৯৫৬২৯১৩

স্মারক নং-২৫.৩৬.০০০০.২২০.২০.০৩৪.১৬/৬৭(৭)

তারিখ- ১৬/০৩/১৪৩১বঃ  
৩০/০৬/২০২৪খ্রিঃ

বিষয়ঃ- ফরেন সার্ভিস একাডেমীর বিভিন্ন কাজের জন্য অর্থ বরাদ্দ।

উপর্যুক্ত বিষয়ে বর্ণিত ফরেন সার্ভিস একাডেমির বিভিন্ন কাজের জন্য চলতি ২০২৩-২০২৪ আর্থিক সালে খরচ করার জন্য মোট= ৩৫.৫৮৮০৫ লক্ষ (পঁয়ত্রিশ লক্ষ আটশত হাজার আটশত পাঁচ) টাকা নিম্নবর্ণিত বিভাজন মোতাবেক বরাদ্দ করা হলো :

ক্রঃ	কাজের নাম	টাকার পরিমাণ	গণপূর্ত বিভাগ
১	ফরেন সার্ভিস একাডেমি-এর নষ্ট এয়ারকুলার নবায়ন ও সংস্কার কাজের জন্য অর্থ বরাদ্দ।	২৩.৬০৪১৮ লক্ষ	গণপূর্ত ই/এম বিভাগ- ২, ঢাকা
২	ফরেন সার্ভিস একাডেমি-এর মাল্টিপারপাস হলের এল.ই.ডি স্ক্রিন মেরামত, সাউন্ড সিস্টেম, বৈদ্যুতিক পাওয়ার লাইন বর্ধিতকরণ, নিয়ন্ত্রণ ও রক্ষণাবেক্ষণের ব্যবস্থা হল রুমের দক্ষিণ পাশে স্থাপন, পানির ফুয়ারার বৈদ্যুতিক লাইট, যন্ত্রপাতি মেরামত, পরিবর্তনসহ আনুষঙ্গিক কাজের জন্য অর্থ বরাদ্দ।	১১.৯৮৩৮৭ লক্ষ	
মোট=		৩৫.৫৮৮০৫ লক্ষ	

উক্ত খরচ সহকারী সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয়, ফরেন সার্ভিস একাডেমি, সুগন্ধা, ঢাকার স্মারক নং/৮১১ ও ৮১২ তারিখ-০৫-০৬-২০২৪খ্রিঃ এর কর্তৃক মঞ্জুরিকৃত এবং প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রণালয়, ২য় ১২তলা সরকারি অফিস ভবন, সেগুনবাগিচা, ঢাকার স্মারক নং/২৭৪ ও ২৭৫ তারিখ-২৪/০৬/২০২৪ খ্রিঃ এর দ্বারা পৃষ্ঠাংকনের মাধ্যমে প্রধান প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর, ঢাকার নিকট ন্যস্তকৃত মোট= ৩৫.৫৮৮০৫ লক্ষ টাকা ২০২৩-২০২৪ আর্থিক সালের পররাষ্ট্র মন্ত্রণালয়ের অর্থনৈতিক কোড নং-৩২৫৮১০৫ ও ৩২৫৮১২৭ খাত সমূহ হতে বহন/সংকুলান করতে হবে। উক্ত অর্থ প্রাপ্তির সাথে সাথে অর্থ প্রাপ্তির স্বীকৃতি প্রদান করতে হবে।

উক্ত অর্থ সকল প্রকার আর্থিক বিধি-বিধান, নিয়মাচার ও আনুষ্ঠানিকতা পর্যবেক্ষণ/পালন পূর্বক খরচ করার নিমিত্তে সংশ্লিষ্ট নির্বাহী প্রকৌশলীর নিকট পুনঃবরাদ্দ করে সাথে সাথে অত্র দপ্তরকে অবহিত করতে হবে। উক্ত অর্থ খরচ করার পূর্বে নিম্নোক্ত শর্তসমূহ অনুসরণ করতে হবে :

- শর্ত :-
- ১) প্রত্যাশি সংস্থার সহিত যোগাযোগ করে অনুমোদিত প্রাক্কলন অনুযায়ী কাজ সম্পাদন করতে হবে।
  - ২) বরাদ্দকৃত অর্থ চলতি অর্থ বছরে খরচ করতে হবে এবং খরচের হিসাব অত্র দপ্তরে/প্রত্যাশি সংস্থার নিকট প্রেরণ করতে হবে।
  - ৩) বরাদ্দকৃত অর্থ খরচের ক্ষেত্রে ভবিষ্যতে কোন প্রকার অনিয়ম উদঘাটিত হলে বিল পরিশোধকারী দায়ী থাকবে।
  - ৪) এই অর্থ সরকারি সকল প্রকার আর্থিক বিধি-বিধান অনুসরণ পূর্বক খরচ করতে হবে।

নির্বাহী প্রকৌশলী,  
গণপূর্ত ই/এম বিভাগ-২, ঢাকা

১৬/০৩/২০২৪  
(নোঃ সাখাওয়াৎ হোসেন)

তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সমন্বয়)  
গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।

E-mail:-se\_coord@pwd.gov.bd

ফোন-৯৫৬৮৯১৪

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুযায়ী নয়):-

- ০১) হিসাব মহা-নিয়ন্ত্রক, সচিবালয় ভবন, ৩য় ফেজ, সেগুনবাগিচা, ঢাকা।
- ০২) অতিরিক্ত প্রধান প্রকৌশলী (সওস)/(পওবিপ্র)/(ই/এম), গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।
- ০৩) মহা-পরিচালক, পূর্ত অডিট অধিদপ্তর, অডিট কমপ্লেক্স ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
- ০৪) তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সমন্বয়)/(মওঅ)/(প্রকল্প সার্কেল-১), গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।
- ০৫) তত্ত্বাবধায়ক প্রকৌশলী, গণপূর্ত ই/এম সার্কেল-১, ঢাকা।
- ০৬) প্রধান প্রকৌশলী মহোদয়ের স্টাফ অফিসার (নির্বাহী প্রকৌশলী), গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।
- ০৭) নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত ই/এম এম.আই.এস বিভাগ-২, গণপূর্ত অধিদপ্তর, পূর্ত ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
- ০৮) সহকারী সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয়, ফরেন সার্ভিস একাডেমি, সুগন্ধা, ঢাকা। ইহা তার উপরোক্ত স্মারক ও তারিখের বরাতে।
- ০৯) প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রণালয়, ২য় ১২ তলা সরকারি অফিস ভবন, সেগুনবাগিচা, ঢাকা। ইহা তার উপরোক্ত স্মারক ও তারিখের বরাতে।
- ১০) প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, পররাষ্ট্র মন্ত্রণালয়, ১ম ১২ তলা সরকারি অফিস ভবন (৯ম তলা), সেগুনবাগিচা, ঢাকা।
- ১১) প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।
- ১২) গার্ড ফাইল, হিসাব শাখা-১/ হিসাব সেল, অত্র অধিদপ্তর, ঢাকা।